



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

সূত্রঃ ১৭৭০ (২০) / বাফুফে-ক্লাব লাইসেন্সিং/২০২৩

তারিখঃ ০৪-০৬-২০২৩

সভাপতি/ভারপ্রাপ্ত ডাইরেক্টর ইন চার্জ/সচিব/ডাইরেক্টর ইন চার্জ অফ এ্যাডমিনিস্ট্রেশন/ডাইরেক্টর ইন চার্জ/মহাসচিব/সাধারণ সম্পাদক/প্রশাসক

বিষয়ঃ ‘বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৩-২৪’ উপলক্ষ্যে প্রণীত BFF Club Licensing Regulations 2023-24 এবং BFF Club Licensing Application Manual 2023-24 প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে আসন্ন ‘বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৩-২৪’ উপলক্ষ্যে বাফুফে কর্তৃক প্রণীত BFF Club Licensing Regulations 2023-24 এবং BFF Club Licensing Application Manual 2023-24 এতদসঙ্গে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

উল্লেখ্য যে, ‘বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৩-২৪’ এ অংশগ্রহণকারী ক্লাবসমূহ কর্তৃক BFF Club Licensing Regulations 2023-24 এ উল্লেখিত Core Process Timeline অনুযায়ী এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি) কর্তৃক প্রবর্তিত Club Licensing Administration System (CLAS) এ কাগজ-পত্রাদি আপলোড এবং BFF Club Licensing Application Manual 2022-23 যথাযথভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় উক্ত কাগজ-পত্রাদি মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর প্রেরণ করা একান্তভাবে প্রয়োজন। উক্ত কাগজ-পত্রাদি যাচাই-বাছাই ও বিশ্লেষণের লক্ষ্যে BFF Club Licensing Regulations 2023-24 এ বর্ণিত সময়সূচী অনুযায়ী BFF First Instance Body (FIB) বরাবর যথাযথ সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রেরণ করা হবে এবং BFF Club Licensing Regulations 2023-24 এ উল্লেখিত Core Process Timeline অনুযায়ী পরবর্তী কার্যক্রম সম্পাদন করা হবে।

বিশেষভাবে উল্লেখ্য যে, চলমান ‘বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৩-২৪’ হতে পয়েন্ট টেবিল অনুসারে যে দুটি দলের অবনমন হবে উক্ত দল দুটি হতে বাফুফে বরাবর প্রেরিত/CLAS এ আপলোডকৃত প্রয়োজনীয় কাগজ-পত্রাদি আসন্ন ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৩-২৪’ এ অংশগ্রহণ করার লক্ষ্যে লাইসেন্সিং প্রক্রিয়া সম্পাদন করার জন্য প্রেরিত/আপলোড করা হয়েছে বলে গণ্য হবে।

ইহা আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
বাংলাদেশ ফুটবল ফেডারেশন



ইমরান হোসেন তুষার
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক

সংযুক্তিঃ

1. BFF Club Licensing Regulations 2023-24 (এক কপি)
2. BFF Club Licensing Application Manual 2023-24 (এক কপি) এবং
3. Core Process Timeline (এক কপি)।